



## শাহবাগে সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় ছাত্রদলের বিরুদ্ধে অভিযোগ



ছবি: ভিডিও থেকে নেওয়া।

রাজধানীর শাহবাগ থানায় সংবাদ সংগ্রহ করতে গিয়ে গণমাধ্যমকর্মীদের ওপর হামলার অভিযোগ উঠেছে। এতে ছাত্রদলের নেতাকর্মীরা জড়িত ছিলেন বলে অভিযোগ পাওয়া গেছে।

বৃহস্পতিবার (২৩ এপ্রিল) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টারদা সূর্যসেন হলের কার্যনির্বাহী সদস্য সাইয়েদুজ্জামান আলফি ও ডাকসুর শিবির প্যানেলের প্রার্থী আব্দুল্লাহ আল মাহমুদ একটি সামাজিক যোগাযোগমাধ্যমের পোস্টকে ভুয়া দাবি করে সাধারণ ডায়েরি (জিডি) করতে শাহবাগ থানায় যান। বিষয়টি নিয়ে থানায় তাদের উপস্থিতির সময় সেখানে ছাত্রদলের নেতাকর্মীরাও জড়ো হলে উত্তেজনা সৃষ্টি হয়।

পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে তাদের মধ্যে বাকবিতণ্ডার এক পর্যায়ে হাতাহাতির ঘটনা ঘটে বলে জানা যায়। এ সময় ঘটনাস্থলে থাকা গণমাধ্যমকর্মীদের ওপরও হামলার অভিযোগ ওঠে। এতে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সভাপতি ও কালের কণ্ঠের প্রতিনিধি মানজুর হোসাইন মাহি, সাধারণ সম্পাদক ও স্টার নিউজের প্রতিনিধি লিটন ইসলাম, ঢাকা মেইলের প্রতিনিধি ইফতেখার সোহান সিফাত এবং ঢাকা ট্রিবিউনের প্রতিনিধি মো. সামশুদৌজা নবাব আহত হন বলে অভিযোগ রয়েছে।

এর আগে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন তারেক রহমানের মেয়ে জাইমা রহমানকে নিয়ে একটি আপত্তিকর পোস্ট ছড়ানোর ঘটনা ঘিরে ওই জিডি করতে থানায় যান সংশ্লিষ্টরা। ওই ঘটনার পরই থানার ভেতরে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে এবং অনাকাঙ্ক্ষিত সংঘর্ষের সূত্রপাত ঘটে।